দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের হলরুমে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী।

২০২৩-২৪ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৩-২৪ইং অর্থ বছরে রাজস্ব আয় ২৫ লক্ষ ০৩ হাজার ৭০০শ। উন্নয়ন হিসাব আয় ১কোটি ১১লক্ষ ৩০ হাজার ৮০০শ, সর্বমোট ১কোটি ৩৬ লক্ষ ৩৪ হাজার ৫শত টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য লিয়াকত আলী, সামসুল ইসলাম, নুরুল ইসলাম, জাহিদুল ইসলাম, হাসান আলী, মোছাঃ রুপালি খাতুন, শাহানাজ খাতুন, হাসিনা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের সচিব শামিম রেজা।

দামুড়হুদায় বিভিন্ন সড়কের উন্নয়ন কাজের শুভ উদ্বোধন

দামুড়হুদায় বৃহত্তর কুষ্টিয়া প্রকল্পের আওতায় বিভিন্ন সড়কের উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা ০২ আসনের সাংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

আজ সোমবার সকাল ১০ টার সময় প্রথমে দামুড়হুদা উপজেলার লোকনাথপুর আর এন্ড এইচ হতে দর্শনা ডিঙ্গেদহ সড়ক উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করেন। পরে পর্যায়ক্রমে উপজেলার বড় দুধপাতিলা, কোমরপুর এবং

লক্ষিপুর গ্রামের সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন বর্তমান সরকারের আমলে দেশে রাস্তাঘাট সহ সার্বিক বিষয়ে ব্যাপক উন্নয়ন হয়েছে। যেসকল উন্নয়ন হয়েছে তা এখন দৃশ্যমান। দেশের মানুষ এখন তার সুবিধা ভোগ করছে। এর আগে কোন সরকারের আমলে এতো রাস্তাঘাটের উন্নয়ন হয়নি। তার পরেও বিরোধী দল চোখে কোন উন্নয়ন দেখতে পায়না।
এসময় তিনি আরও বলেন দামুড়হুদা উপজেলার লোকনাথপুর হতে দর্শনা ডিঙ্গেদহ সড়কে প্রায় ২ কোটি ২০ লক্ষ টাকা ব্যায়ে ২৬৯২ মিটার, বড়দুধপাতিলা বটতলা মোড় থেকে জয়রামপুর মাঠ ভায়া বরিং মাঠ পর্যন্ত প্রায় ৭৫ লক্ষ টাকা ব্যায়ে ১০০০ মিটার, কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের রবি ডাক্তারের বাড়ির সামনে থেকে ইউসুফ ফকিরের বাড়ি পর্যন্ত প্রায় ৪৪ লক্ষ টাকা ব্যায়ে ৭৫০ মিটার, জুড়ানপুর ইউনিয়নের লক্ষিপুর লিয়াকত ডাক্তার এর বাড়ির সামনে থেকে ইব্রাহিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত প্রায় ১ কোটি ১৭ লক্ষ টাকা ব্যায়ে ১৫০০ মিটার সড়ক উন্নয়ন কাজের উদ্বোধন করা হলো। অতি দ্রুত এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ হবে বলে আশা করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, উপজেলা প্রকৌশলী আ: রসিদ, উপজেলা সহকারী প্রকৌশলী আক্তারুল ইসলাম, আহসান হাবিব, নায়মুর রহমান, কার্যসহকারী রমজান আলী, অপুর্ব। হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আহাম্মেদ সোনা, সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, হাউলী ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বিপ্লব, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের যুগ্ম আহ্বায়ক রায়হানুল ইসলাম রায়হানসহ আওয়ামীলীগের স্থানীয় বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বিভিন্ন ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করছে উপজেলা সড়ক ও জনপদ বিভাগ।

দামুড়হুদায় জাম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে নাসির নামে একজন নিহত

দামুড়হুদায় জাম গাছ থেকে পড়ে নাসির নামে এক যুবক নিহত হয়েছে। নিহত নাসির (৪৫) উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের আকবার আলীর ছেলে। আজ সোমবার বিকাল সাড়ে ৪ টার দিকে রাজশাহী নেওয়ার পথে তার মৃত্যু হয়।

জানা যায়, আজ সোমবার দুপুরে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের বাঘাডাঙ্গা গ্রামের আকবর আলির ছেলে নাসির নিজ জামবাগানে জাম পাড়তে গাছে উঠে। পরে অসাবধানতার কারণে পা পিছলে গিয়ে মাটিতে পড়ে যায়। পরে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী রেফার করেন। পরবর্তীতে রাজশাহীতে নেবার পথিমধ্যে নাসিরের মৃত্যু হয়।

নিহতের ভাই আহম্মদ আলী জানান, অসতর্কতাবস্থায় হঠাৎ পা পিছলে জাম গাছ থেকে মাটিতে পড়ে যায় নাসির। মাটিতে পড়ে তার মাথায় মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হন। পরে তাকে ঘটনাস্থল থেকে উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করেন। রাজশাহী নেয়ার পথে বিকাল সাড়ে ৪টার দিকে সে মারা যায়।

আলমডাঙ্গায় মোটরসাইকেল-মাইক্রোবাসের মুখোমুখি

সংঘর্ষ; আহত ১

আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মোটরসাইকেল আরোহী সেলিম রেজা তপন মাইক্রোবাসের ধাক্কায় আহত হয়েছেন।

গতকাল রোববার দুপুরের দিকে আলমডাঙ্গা-হাটবোয়ালিয়া সড়কের যাদবপুর মোড়ে এ দুর্ঘটনা ঘটে। মারাত্মক আহতাবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সেলিম রেজা তপন যাদবপুর গ্রামের মৃত সোবহান মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান,কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক সেলিম রেজা তপন দুপুরের দিকে হারদীর থেকে মোটর সাইকেলযোগে আলমডাঙ্গার দিকে যাচ্ছিলেন। যাদবপুর মোড়ের নিকট মসজিদের সামনে পৌঁছালে দুর্গাপুরের দিকে থেকে আসা একটি মাইক্রোবাসের সাথে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে সেলিম রেজা তপনের মুখে আঘাত লেগে রক্তাক্ত জখম হয়।

এ সময় তার জিকসার মোটর সাইকেলে দুমড়ে মুচড়ে যায়। মারাত্মক আহত তপনকে স্থানীয় লোকজন উদ্ধার করে প্রথমে হারদী হাসপাতালে নিয়ে গিয়ে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। পরে তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করা হয়েছে।

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে চুড়ান্ত বাজেট ঘোষণা

দামুড়হুদা হাউলী ইউনিয়ন পরিষদে ২০২৩-২৪ অর্থ বছরের চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়েছে।

গতকাল রবিবার বেলা ১১ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে এই চুড়ান্ত বাজেট ঘোষণা করেন হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিন।

২০২৩-২৪ অর্থ বছরে চুড়ান্ত বাজেটে সম্ভাব্য আই ও ব্যয় এর খসড়া অনুযায়ী ২৩-২৪ইং অর্থ বছরে ১কোটি ৮৪ লক্ষ ৬৩ হাজার ৫শত ৮৫ টাকার চুড়ান্ত বাজেট ঘোষণা করা হয়।

হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিনের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন ইউপি সদস্য শহিদুল ইসলাম, আ: হান্নান পটু, শাহজামাল, রিকাত আলী, জাহাঙ্গীর আলম টিক্কা, আব্দুল্লাহ সেলিম, সাবিনা ইয়াসমিন, রওশনারা খাতুনসহ ইউনিয়নের সকল ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান টি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন পরিষদের সচিব নাঈম হোসেন।

দামুড়হুদা মডেল থানা পরিদর্শনে পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন

দামুড়হুদা মডেল থানা আকষ্মিক পরিদর্শন এবং আর্থিক প্রণোদনা প্রদান করেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন। গতকাল রবিবার রাত ৮টার দিকে সরজমিনে তিনি পরিদর্শন করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন গতকাল রাত ৮টার দিকে দামুড়হুদা মডেল থানা আকস্মিক পরিদর্শন করেন। এ সময় তিনি অফিসার ও ফোর্সের সাথে থানা অধিক্ষেত্রে আইন-শৃঙ্খলা রক্ষা ও অপরাধ প্রবনতা নিয়ন্ত্রণ বিষয়ে কথা বলেন। তিনি গুরুত্বপূর্ণ মামলার অগ্রগতি ও ওয়ারেন্ট নিষ্পত্তি নিয়ে দিকনির্দেশনা প্রদান করেন। পুলিশ হেডকোয়ার্টার্স নির্দেশিত জনবান্ধন পুলিশী কর্মকাণ্ডের প্রতিচ্ছবি সরূপ নিয়মিত কমিউনিটি পুলিশিং, ওপেন হাউজ ডে এবং বিট পুলিশিং সভা/উঠান বৈঠকের উপর গুরুত্বারোপ করেন।

এছাড়াও, তিনি দামুড়হুদা মডেল থানার ০১/০১/২০০৫ খ্রি: হতে মে/২০২৩ খ্রি: পর্যন্ত মুলতবী মামলা সমূহের সিডিএমএস-এ এন্ট্রি কার্যক্রম

পরিদর্শনকালে সন্তুষ্টি প্রকাশ করেন এবং এ কার্যক্রমে সম্পৃক্ত পুলিশ সদস্যদের আর্থিক প্রণোদনা প্রদান করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, ওসি (তদন্ত) শফিকুল ইসলাম, ওসি (অপারেশন) সফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক, এসআই ওবায়দুর রহমানসহ থানার অফিসার বৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ৫০ বোতল ফেনসেডিল উদ্ধার

দর্শনায় ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। এ ঘটনায় মামলা দায়ের করেছে পলাতক হিসাবে শাহাবুদ্দিনের বিরুদ্ধে।

জানাগেছে গত শনিবার দিনগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় মদনা গ্রামে।

এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা, এএসআই মামুনুর রহমান, সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় মদনা (মাঝপাড়া) গ্রামস্থ জনৈক শাহাবুদ্দীন (৪২) এর পশ্চিম দুয়ারী দো-চালা আধাপাকা টিনশেড গোয়াল ঘরের মধ্যে। পুলিশ গোয়াল ঘরের মধ্যে থেকে পিলাষ্টিকে মোড়ানো ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় পুলিশ পলাতক হিসাবে মদনা গ্রামের মৃত রুহুল আমীনের ছেলে শাহাবুদ্দীনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করেছে।

দামুড়হুদায় ‘জুলিও কুরি’ শান্তি পদক উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ‘জুলিও কুরি’ শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর উদযাপন উপলক্ষে বঙ্গবন্ধুর মুরালে পুষ্পস্তবক অর্পণ, র্যালী, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দামুড়হুদৃা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান, সহকারী ব্যান বেইস অফিসার আব্দুল কাদির, সহকারী শিক্ষা অফিসার ছবির উদ্দিন, যুব উন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, প্রাণী সম্পদ সম্প্রসারণ অফিসার ডাক্তার রাকিব, দামুড়হুদা মডেল থানা তদন্ত ওসি শফিউল আলম, উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি সিরাজুল আলম ঝন্টু, দামুড়হুদা বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন প্রমূখ।

সভায় সভাপতি দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি পদকপ্রাপ্তির ৫০তম বছর। ১৯৭৩ সালের বঙ্গবন্ধুর হাতে আনুষ্ঠানিকভাবে এই পদক তুলে দেওয়া হয়। ১৯৭১ সালে এই অবিসংবাদিত নেতার নেতৃত্বে বাংলাদেশ স্বাধীন হয়। এর মাত্র দুই বছর পরে বিশ্বশান্তি পরিষদ আনুষ্ঠানিকভাবে বঙ্গবন্ধুকে ‘জুলিও কুরি’ পদকে আন্তর্জাতিক স্বীকৃতি প্রদান করে।

বিশ্বশান্তি পরিষদের প্রেসিডেন্সিয়াল কমিটির সভায় বিশ্বের ১৪০টি দেশের প্রায় ২০০ সদস্যের উপস্থিতিতে ও ঐকমত্যের ভিত্তিতে বঙ্গবন্ধুর জীবন দর্শন, আর বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়কত্বের প্রেক্ষাপট বিবেচনায়, বঙ্গবন্ধুকে ‘জুলিও কুরি’ পদক প্রদান করার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সিদ্ধান্ত অনুযায়ী

বিশ্বশান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর পদক প্রাপক হিসেবে বঙ্গবন্ধুর নাম ঘোষণা করেন। পরের বছর ১৯৭৩ সালের ২৩ মে, এশীয় শান্তি সম্মেলনের এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে সেই পদক বঙ্গবন্ধুকে পরিয়ে দেন পরিষদের ততকালীন সেক্রেটারি জেনারেল রমেশচন্দ্র। সেই অনুষ্ঠানে রমেশচন্দ্র বলেছিলেন, ‘বঙ্গবন্ধু শুধু বাংলার নন, তিনি বিশ্বের এবং তিনি বিশ্ববন্ধু। স্বাধীন বাংলাদেশে কোনো রাষ্ট্রনেতার এটিই ছিল প্রথম আন্তর্জাতিক পদক লাভ।

অনুষ্ঠান শেষে উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

জীবননগরে জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উদযাপন

জীবননগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ৯টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বর থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদের হলরুমে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্তিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস

চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান প্রমুখ।

জীবননগরে পুকুরের পানিতে ডুবে মাদরাসা ছাত্রের মৃত্যু

জীবননগরে পুকুরের পানিতে ডুবে এক শিশু মাদরাসা ছাত্রের মৃত্যু হয়েছে। আজ শনিবার সকাল ১১টার সময় জীবননগর পৌর সভার ৩নং ওর্য়াডের রাজনগর পাড়ায় এ ঘটনা ঘটে।

নিহত শিশু সাদ হোসেন(০৯) রাজনগর পাড়ার দিনমজুর মোঃ হাফিজুর রহমানের ছেলে এবং স্থানীয় বেসরকারী ইকরা মাদরাসার ছাত্র।

ভুক্তোভোগী পরিবার ও স্থানীয় সুত্রে জানা গেছে,শনিবার সাদ হোসেন বাচ্ছাদের সাথে খেলা করছিল এ সময় জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের কাটা পুকুরে গোসল করতে যায়।এ সময় অসাবধনতা বসত বাচ্ছাটি পুকুরের পানিতে ডুবে যায়।স্থানীয় লোকজন ছুটে এসে পুকুর থেকে নিহত সাদের লাশ উদ্ধার করে।

জীবননগর পৌর সভার ৩নং ওর্য়াড কাউন্সিলার মোঃ খোকন মিয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন,বাচ্ছাটি খেলা করতে যেয়ে পুকুরের পানিতে ডুবে মৃত্যু হয়েছে।যদি পুকুরটা ঘিরা থাকতো তা হলে হয়ত এ ধরনের ঘটনা ঘটতো না ।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ নাসির উদ্দিন মৃধা বলেন,রাজনগর পাড়ায় একটি বাচ্ছা পানিতে ডুবে মারা গিয়েছে এটা আমি শুনেছি তবে এ বিষয়ে কেউ কোন অভিযোগ করেনি।এদিকে সন্তানকে হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন বাবা-মাসহ গোটা পরিবার।